দৈনিক ইনকিলাব

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 09 JAN 1989
পৃষ্ঠা ৫ কলাম ৮

128

002

# বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির বিশ বৎসর পূর্তি উৎসবের কর্মসূচী

৪/৮

২০ বৎসর পূর্তি উৎসবের লক্ষ্য (১) প্রাথমিক শিক্ষক সমাজের চাকুরীর নিরাপত্তা, আর্থিক সচ্ছলতা ও সামাজিক মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির দীর্ঘ সংগ্রাম ও সাফল্য সম্পর্কে প্রাথমিক শিক্ষকদের অবহিতকরণ।

(২) দেশ হতে নিরক্ষরতা দূরীকরণের কর্মসূচীতে যথাযথ ভূমিকা পালনে প্রাথমিক শিক্ষকদের উদ্বুদ্ধকরণ।

(৩) বন্যা, খরা, মাদকাসক্তি ও জনসংখ্যার মত সমস্যাসমূহ সম্পর্কে প্রাথমিক শিক্ষকসহ দেশবাসীর সচেতনতা বৃদ্ধিকরণ।

(৪) পাকশী ঘোষণা বাস্তবায়নের জন্য জনমত সৃষ্টি করা।

উপরোক্ত লক্ষ্যসমূহ অর্জনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নিম্নরূপ কর্মসূচী পালন করবে।

ক) তিনটি সেমিনারের আয়োজন
খ) পুস্তিকা প্রকাশ
গ) ক্যালেণ্ডার প্রকাশ
ঘ) কেন্দ্রীয় নেতৃবৃন্দের গণসংযোগ সফর

সমিতির জেলা উপজেলা শাখাসমূহকে নিম্নরূপ কর্মসূচী পালনের পরামর্শ দেওয়া যাচ্ছে।

১) স্থানীয়ভাবে স্মরণীকা প্রকাশ
২) আলোচনা সভার আয়োজন
৩) স্থানীয় সুধী সমাবেশ ও সাক্ষাৎকার

স্থানীয়ভাবে গৃহীত কর্মসূচীতে কেন্দ্রীয় নেতৃবৃন্দের যোগদানের সুবিধার্থে যথাসময়ে অবহিত করতে হবে।

(অধ্যাপক আবুল কালাম আযাদ)
সভাপতি,
বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি

(কাজী আ, কা, ফজলুল হক)
সাধারণ সম্পাদক,
বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি

পি—২৭/৮৯